দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 17 JUL 1989 ...
পৃষ্ঠা ... ... 5 কলাম ... 1 ...

056

# পরীক্ষায় এক বিষয়ে ফেল

এসএসসি ও এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য ছাত্রদের জন্য কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করেছেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। দৈনিক বাংলায় প্রকাশিত খবরে বলা হয়েছে এ দুটি পরীক্ষায় কোন ছাত্র এক বিষয়ে অকৃতকার্য হয়েও এগ্রিগেট নম্বর অর্থাৎ মোট ৩৩০ নম্বর পেলে তাকে ঐ এক বিষয়ে কম্পার্টমেন্টাল পরীক্ষার সুযোগ দেয়া হবে।

এক্ষেত্রে এ দুটি পরীক্ষার কোন ছাত্র এক বিষয়ে অকৃতকার্য হয়ে মোট ৬৫০ নম্বর পেলে তাকে প্রথম বিভাগে, ৫০০ নম্বর পেলে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ বলে ঘোষণা করা হতে পারে। এখানে শর্ত হচ্ছে অকৃতকার্য বিষয়ে পাওয়া নম্বর ঐ বিষয়ে পাসের নম্বরের চেয়ে ১০-এর কম হবে না। এবং প্রতি নম্বরের জন্য ৫ নম্বর মোট পাওয়া নম্বর থেকে কেটে নিয়ে এক বিষয়ে অকৃতকার্য ছাত্রের বিভাগ নির্ণীত হবে। অর্থাৎ কোন ছাত্র মোট ৬৫০ নম্বর পেয়েও কোন একটি বিষয়ে ১০ নম্বরের জন্য অকৃতকার্য হলে ঐ দশ নম্বরের জন্য মোট ৫০ নম্বর তার পাওয়া ৬৫০ নম্বর থেকে কেটে ঘোষণা করা হবে যে সে ৬০০ নম্বর পেয়েছে এবং প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে। এক বিষয়ে অকৃতকার্য হয়েও এ প্রক্রিয়ায় যারা ৬০০ নম্বরের নিচে ৪৫০ পর্যন্ত নম্বর পাবে তাদের দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ বলে ঘোষণা করা হবে। এ সুবিধা এর নিচে কেউ পাবে না।

কিন্তু এই কম্পার্টমেন্টাল পরীক্ষার সময় নিয়ে প্রশ্ন আছে। এ পরীক্ষা কতদিন পরে অনুষ্ঠিত হবে। পরীক্ষার ফল প্রকাশের তিন মাস পরে না এক বছর পরে। ছাত্রছাত্রীদের এবং অভি-ভাবকদের মতে কম্পার্টমেন্টাল পরীক্ষা মূলে পরীক্ষার ফল প্রকাশের তিন মাসের মধ্যে অনুষ্ঠিত হলে ছাত্রছাত্রীদের পক্ষে পরবর্তী সেসন ধরা সহজ হয়। কর্তৃপক্ষ এ প্রশ্নটি ভেবে দেখবেন আশা করি।

তবে সামগ্রিকভাবে এ সিদ্ধান্তকে অভিনন্দন জানিয়ে ও আবে-দন আসতে পারে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েও মোট ৩৮০ নম্বর পেয়েছে তাদের প্রশ্ন বিবেচনা করার। ওপরের হিসাবে তাদের প্রতি নম্বরের জন্য ৫ নম্বর কাটলেও ১০ নম্বরের জন্য ৫০ নম্বর কেটে পাস নম্বর ৩৩০ থাকে এবং তৃতীয় বিভাগে পাস বলে ঘোষণা করা যায়। এ আবেদনের পক্ষে একমাত্র যুক্তি হচ্ছে অসংখ্য ছাত্রছাত্রীর আর্থিক অস্ব-চ্ছলতা, ভবিষ্যৎ পড়াশোনার পথ চিরতরে বন্ধ হওয়ার আশংকা। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রশ্নটি বিবেচনা করতে পারেন।